# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৫৭৮

১২. কিতাবুস সিয়াম (كتاب الصوم)

পরিচ্ছেদঃ এই নিষিদ্ধ কাজটি যেভাবে পালন করার বৈধতা রয়েছে তার বিবরণ

ذِكْرُ الصِّفَةِ الَّتِي أُبِيحَ بِهَا اسْتِعْمَالُ هَذَا الْفِعْلَ الْمَزْجُورَ عَنْهُ

---

আরবী

3578 ـ أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدِ بْنِ سَلْمٍ قَالَ: حَدَّثَنَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ إِبْرَاهِيمَ قَالَ: حَدَّثَنَا الْوَلِيدُ عَنِ الْأَوْزَاعِيِّ قَالَ: حَدَّثَنَا يَحْيَى بْنِ أَبِي كَثِيرٍ قَالَ: حَدَّثَنَا أَبُو سَلَمَةَ ، عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم: (لَا تَقَدَّمُوا صِيَامَ شَهْرِ رَمَضَانَ بِصِيَامِ يَوْمٍ أَوْ يَوْمَيْنِ إِلَّا رجل كان يصوم صياماً فليصمه)

الراوي : أَبُو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3578 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) (2023): ق.

বাংলা

৩৫৭৮. আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “তোমরা রমযানের একদিন বা দুইদিন আগে সিয়াম পালন করবে না। তবে যে ব্যক্তি নিয়মিত সিয়াম পালন করে (আর তার নিয়মিত পালনীয় সিয়ামটি ঐ দিন হয়ে যায়, তবে), সে যেন তা পালন করে।”[1]

ফুটনোট

[1] ইবনু মাজাহ: ১৬৫০; নাসাঈ: ৪/১৪৯; মুসনাদ ইমাম শাফেঈ: ১/২৭৫; বাগাবী: ১৭১৮; মুসান্নাফ আব্দুর রাযযাক: ৭৩১৫; আত তায়ালিসী: ২৩১৬; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ৩/২৩; মুসনাদ আহমাদ: ২/২৩৪; দারেমী: ২/৪; সহীহুল বুখারী: ১৯১৪; সহীহ মুসলিম: ১০৮২; তিরমিযী: ৬৮৫; তাহাবী: ২/৮৪; ইবনুল জারুদ: ৩৭৮; সুনান বাইহাকী: ৪/২০৭।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ বুখারীর শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ২০২৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92913

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন